

ঢাকা বিশ্ববিদ্যালয়
বি, কয় পাসের হার

২৬ দশমিক ১

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)
গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৭ সনের বি, কয় (পাস) পরীক্ষার ফল প্রকাশ করা হইয়াছে। এই পরীক্ষায় অংশগ্রহণকারী ২ হাজার ৬শত ১২ জনের মধ্যে, সর্বমোট ৬শত ৮১ জন কৃতকার্য হইয়াছেন। তন্মধ্যে ৭৮ জন দ্বিতীয় এবং ৬ শত ৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন। পাসের হার শতকরা ২৬ দশমিক ১ ভাগ।

এই পরীক্ষায় ১টি কলেজ হইতে অংশগ্রহণকারী কোন পরীক্ষার্থীই উত্তীর্ণ হইতে পারেন নাই এবং মরমনসিংহের শহীদ স্মৃতি মহাবিদ্যালয় ও মোহনগঞ্জ কলেজ হইতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের সকলেই উত্তীর্ণ হইয়াছেন। উল্লেখিত দুইটি কলেজের পাসের হার শতকরা ১ শত ভাগ।